

আমার নিকড়িয়া-রসের রসিক কানন ঘুরে ঘুরে
 নিকড়িয়া বাঁশের বাঁশি বাজায় মোহন সুরে ।
 আমার ঘর বলে, 'তুই কোথায় যাবি, বাইরে গিয়ে সব খোয়াবি !'
 আমার প্রাণ বলে, 'তোমার যা আছে সব যাক্-না উড়ে পুড়ে ।'
 ওগো, যায় যদি তো যাক্-না চুকে, সব হারাব হাসিমুখে-
 আমি এই চলেছি মরণসুখা নিতে পরান পুরে ।
 ওগো, আপন যারা কাছে টানে এ রস তারা কেই বা জানে-
 আমার বাঁকা পথের বাঁকা সে যে ডাক দিয়েছে দূরে ।
 এবার বাঁকার টানে সোজার বোঝা পড়ুক ভেঙে-চুরে ॥

Parjaay: Natya-geeti

Visit www.geetabitan.com for notation and other detail